

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২৯২৩

১৯/ रজ (كتاب المناسك)

পরিচ্ছেদঃ ১৯/১৬. উচ্চৈঃস্বরে তালবিয়া পাঠ করা

بَاب رَفْعِ الصَّوْتِ بِالتَّلْبِيَةِ

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ مُحَمَّدٍ، حَدَّثَنَا وَكِيعٌ، حَدَّثَنَا سُفْيَانُ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي لَبِيدٍ، عَنِ الْمُطَّلِبِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ خَالِدِ الْجُهَنِيِّ، قَالَ الْمُطَّلِبِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ حَنْطَبٍ، عَنْ خَلاَّدِ بْنِ السَّائِبِ، عَنْ زَيْدِ بْنِ خَالِدِ الْجُهَنِيِّ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ عليه الله عليه وسلم - " جَاءَنِي جِبْرِيلُ فَقَالَ يَا مُحَمَّدُ مُنْ أَصِحَابَكَ فَلْلَ رَسُولُ اللَّهِ عَلِيهِ وَسلم - " جَاءَنِي جِبْرِيلُ فَقَالَ يَا مُحَمَّدُ مُنْ أَصِحَابَكَ فَلْلَ رَسُولُ اللَّهِ عَلِيهِ وَسلم - " جَاءَنِي جِبْرِيلُ فَقَالَ يَا مُحَمَّدُ مُنْ أَصِحَابَكَ فَلْلَ رَسُولُ اللَّهِ عَلَيه وَسِلم - " جَاءَنِي جِبْرِيلُ فَقَالَ يَا مُحَمَّدُ مُنْ أَصِنْ اللهِ عَلَيه وَسِلم - " جَاءَنِي جَبْرِيلُ فَقَالَ يَا مُحَمَّدُ مُنْ أَصِنْ الْمَالِ الْحَجِّ " .

বাংলা

২/২৯২৩। যায়েদ ইবনে খালিদ আল-জুহানী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আমার নিকট জিবরীল (আঃ) এসে বলেন, হে মুহাম্মাদ! আপনি আপনার সাহাবীদের নির্দেশ দিন, তারা যেন উচ্চস্বরে তালবিয়া পাঠ করে। কারণ তা হজ্জের অন্যতম নির্দশন।

English

It was narrated from Zaid bin Khalid Al-Juhani that the Messenger of Allah (ﷺ) said:

"Jibril came to me and said: 'O Muhammad! Tell your Companions to raise their voices when reciting the Talbiyah, for it is one of the symbols of Hajj."

ফুটনোট

আহমাদ ২১১৭০, সহীহাহ ৮৩০।

তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী আল-মুত্তালিব বিন আবদুল্লাহ বিন হানতাব সম্পর্কে আবু হাতিম আর-রাযী বলেন, আমভাবে তার হাদিস মুরসাল। তিনি সাহল বিন সা'দ, আনাস বিন ,মালিক ও সালামাহ ইবনুল আকওয়া ব্যাতিত অন্য সাহাবীদের সাক্ষাৎ পাননি। তিনি কাছাকাছি সমযুগের ছিলেন, তিনি তার মারাসীল গ্রন্থে



বলেন, তিনি ইবনু উমার ও ইবনু আব্বাস থেকে হাদিস শ্রবন করেছেন এমর্মে আমার জানা নেই। আবু হাতিম বিন হিব্বান তার সিকাহ গ্রন্থে তার নাম উল্লেখ করেছেন। আবু যুরআহ আর-রায়ী বলেন, তিনি সিকাহ। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় অধিক তাদলীস ও ইরসাল করেন। ইমাম দারাকুতনী তাকে সিকাহ বলেছেন। মুহাম্মাদ বিন সা'দ বলেন, তার হাদিস দ্বারা দলীল গ্রহনযোগ্য নয় তার নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে সাক্ষাৎ না হওয়া সত্ত্বেও তিনি নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে ইরসাল সুত্রে হাদিস বর্ণনা করেছেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৬০০৬, ২৮/৮১ নং পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ যায়দ ইবনু খালিদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন